



## সংসদে রাষ্ট্রপতির ভাষণ নিয়ে বিতর্ক, আপত্তি জামায়াতের



ছবি: সংগৃহীত

সংবিধান অনুযায়ী ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণ দেওয়ার কথা থাকলেও এ নিয়ে আপত্তি তুলেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির দাবি, বর্তমান রাষ্ট্রপতির ভাষণ দেওয়ার সাংবিধানিক অধিকার নেই এবং তাঁকে তারা ‘ফ্যাসিবাদের সহযোগী’ হিসেবে উল্লেখ করেছে। বুধবার (১১ মার্চ) জাতীয় সংসদ ভবনে বিরোধী দলের সংসদীয় কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংয়ে এ কথা বলেন জামায়াতের নায়েবে আমির ও কুমিল্লা-১১ আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। অন্যদিকে, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) সংসদীয় দলের বৈঠক শেষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানান, রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন জাতীয় সংসদে নির্ধারিত ভাষণ দেবেন। বৈঠকটি অনুষ্ঠিত হয় প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান-এর নেতৃত্বে। এর আগে আলাদা এক ব্রিফিংয়ে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, ত্রয়োদশ জাতীয় সংসদে বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার পদে মনোনয়ন দেওয়ার বিষয়ে ক্ষমতাসীন দলের মৌখিক প্রস্তাব আপাতত গ্রহণ করা হয়নি। জুলাই সনদ নিয়ে সংসদে আলোচনা শেষ হলে এ বিষয়ে দলীয় সিদ্ধান্ত জানানো হবে।